ভোরের কাগজ

তারিখ ... 14 MAY 2003 ...
পৃষ্ঠা ...

### বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নতুন শর্ত

# পিএসসির সিদ্ধান্ত বাতিলের দাবিতে রাবিতে আজ ছাত্র ধর্মঘট আহ্বান

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি :** বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে পাবলিক সার্ভিস কমিশনের নতুন আইন প্রণয়নের সিদ্ধান্ত বাতিলের দাবিতে আজ বুধবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘটের ডাক দেওয়া হয়েছে। সাধারণ ছাত্রছাত্রী সংগ্রাম পরিষদের ব্যানারে শিক্ষার্থীরা রোববার রাতে উপাচার্য ভবন ঘেরাওয়ের মধ্যদিয়ে তাঁদের আন্দোলন কর্মসূচি শুরু করেছে।

আন্দোলনরত শিক্ষার্থীরা সোমবার সকালে ক্যাম্পাসে বিশাল বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণকালে প্রক্টর ছাত্রনেতাদের মাইক কেড়ে নেন। বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের মেইন গেটের সামনে রাজশাহী-নাটোর মহাসড়কে কাঠের গুঁড়ি ফেলে অবরোধ করে। আধা ঘণ্টাব্যাপী অবরোধ চলাকালে আন্দোলনরত ছাত্ররা মহাসড়কে শুয়ে পিএসসির গৃহীত সিদ্ধান্তের প্রতিবাদ ও তা বাতিলের দাবি জানায়। এ সময় রাস্তায় প্রায় এক কিলোমিটার দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। পরে প্রক্টর ও পুলিশের বাধার মুখে ছাত্রছাত্রীরা অবরোধ তুলে বেলা ১১টার দিকে লাইব্রেরি চত্বরে এসে সমাবেশ করে।

সমাবেশে বক্তব্য রাখেন সাধারণ ছাত্রছাত্রী সংগ্রাম পরিষদের আহ্বায়ক রেজাউল করিম, যুগ্ম আহ্বায়ক জাকারিয়া, শহীদুল্লাহ, মশু সাঈদ, রাহুল, স্বপন প্রমুখ। বক্তারা আজকের ছাত্র ধর্মঘট সফল করে আন্দোলনকে বেগবান করার জন্য সকল স্তরের ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান।

মাইক কেড়ে নেওয়ার ব্যাপারে প্রক্টর অধ্যাপক শামসুল আলম সরকার বলেন, ক্লাস চলাকালে মাইক ব্যবহার বিশ্ববিদ্যালয়ের নিয়ম পরিপন্থী। তাই মাইক ব্যবহারে বাধা দিয়েছি।

উল্লেখ্য, বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করতে হলে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় বাংলা ও ইংরেজি বিষয়ে পৃথক পৃথক ভাবে ৪০% নম্বর পেতে হবে মর্মে নতুন আইন প্রণয়ন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।